# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# Bangladesh Water Development Board

উপ-বিভাগীয় প্রকৌশলীর দপ্তর
হাটহাজারী পওর উপ-বিভাগ
বাপাউবো, হাটহাজারী, চট্টগ্রাম।
ফোনঃ ০৩১-২৬০১৩৯৯
ইমেইলঃ sde.bwdb.hathazari@gmail.com

Office of
The Sub-Divisional Engineer
Hathazari O&M Sub-Division
BWDB, Hathazari, Chattogram.
Phone: 031-2601399
Email: sde.bwdb.hathazari@gmail.com

স্মারক নং : ভি-১/৩৭৯৬ তারিখ : ০৭/০৫/২০১৯ ইং

## নিলাম বিজ্ঞপ্তি নংঃ ০১/২০১৮-২০১৯

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০-০৫-২০১৯ ইং তারিখ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে হাটহাজারী উপ-বিভাগ কলোনীতে রক্ষিত অকেজো গাড়ি (টয়োটা ল্যান্ড ক্রুজার, পিক-আপ স্টিল বডি, গাড়ি নং চট্টগ্রাম খ-৮১০ যে অবস্থায় আছে, সে অবস্থায় বিক্রয় করা হবে। নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিদেরকে উক্ত তারিখের পূর্বেই গাড়িটি সরেজমিনে দেখে নেওয়ার জন্য বলা হলো।

**শর্তাবলীঃ**

১। নিলাম ডাকে অংশগ্রহনকারীকে আর্নেস্ট মানি হিসেবে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা মাত্র উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম এর অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহন করতে হবে।

২। সর্বোচ্চ ডাককারীকে নিলাম ডাকের টাকা জামানত সমন্বয়ের মাধ্যমে ডাক শেষ হবার সর্বোচ্চ ৩ (তিন) দিনের মধ্যে উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, পাউবো, চট্টগ্রাম এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে সোনালী ব্যাংক লিঃ, বহদ্দারহাট শাখায় জমা দিতে হবে। অন্যথায় তার নিলাম ডাক বাতিল বলে গন্য হবে।

৩। নিলাম ডাক সমাপ্তির পর নিলাম ডাক সম্পর্কে কারও কোন প্রকার আপত্তি থাকলে নিলাম ডাকের সময় হতে ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে সর্বোচ্চ ডাকের দ্বিগুণ পরিমাণ টাকা জমা প্রদানসহ লিখিতভাবে পুনঃনিলামের আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে সর্বোচ্চ ডাক কারীর ডাক বাতিল বলে গন্য হবে এবং জমাকৃত টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ফেরত নিতে বাধ্য থাকবেন।

৪। দ্বিগুণ পরিমাণ টাকা জমা দেওয়ার পর পুনঃ প্রকাশ্য নিলামের জন্য নোটিশ জারী করা হবে। পুনঃ নিলাম ডাকে যে কেউ অংশ গ্রহণ করতে পারবেন। সেক্ষেত্রে সর্বোচ্চ ডাক কারীর ডাক পূর্বের চাইতে দ্বিগুণের কম হতে পারবে না। যদি দ্বিগুণের কম হয় তবে আপত্তিকারীকেই পূর্বের ডাকের দ্বিগুণ মূল্যে নিলাম ডাক গ্রহণ করতে হবে।

৫। কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নিলামকৃত গাড়িটি বুঝে নিতে তবে।

৬। যথাযথ কর্তৃপক্ষের চুড়ান্ত অনুমোদন না পাওয়া পর্যন্ত নিলামকৃত গাড়িটি হস্তান্তর করা হবেনা।

৭। নিলাম ডাকের সর্বোচ্চ টাকার শতকরা ১৫% ভ্যাট বাবদ উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, পাউবো, চট্টগ্রাম এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে সোনালী ব্যাংক, বহদ্দারহাট শাখায় জমা দিয়ে উহার কপি অত্র দপ্তরে জমা দেওয়ার পর নিলাম কার্যকর হবে।

৮। নিলামকৃত গাড়িটি অপসারকালে কর্তৃপক্ষের কোন সম্পত্তির বা অন্য কোন প্রকার ক্ষতি হলে তাহা ডাককারী নিজ দায়িত্বে পূরণ করে দিতে হবে।

৯। কর্তৃপক্ষ যে কোন সময় নিলাম ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা রাখেন।

07/05/19
(অলি আফাজ চৌধুরী)
উপ-বিভাগীয় প্রকৌশলী

স্মারক নং- ভি-১/৩৭৯৬/১(১৩) তারিখঃ ০৭-০৫-২০১৯ইং

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম।
২। নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পওর বিভাগ-১, বাপাউবো, চট্টগ্রাম। নিলামের দিনে মহোদয়ের একজন প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য সবিনয়ে অনুরোধ করা হলো।
৩। নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পওর বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম।
৪ নির্বাহী প্রকৌশলী, রাঙ্গামাটি পওর বিভাগ, বাপাউবো, কাপ্তাই।
৫। উপ-পরিচালক (প্রশাসন), প্রধান প্রকৌশলীর দপ্তর, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
৬। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম।
৭। উপ-পরিচালক, ভূমি ও রাজস্ব, প্রধান প্রকৌশলীর দপ্তর, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ওয়াপদা ভবন (৩য় তলা), বাপাউবো, মতিঝিল বা/এ, ঢাকা।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, হাটহাজারী মডেল থানা, হাটহাজারী, চট্টগ্রাম।
১০। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, হাটহাজারী, চট্টগ্রাম।
১১। উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, হাটহাজারী পওর শাখা-১, বাপাউবো, চট্টগ্রাম। তাকে নিলাম ডাক কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
১২-১৩। নোটিশ বোর্ড, চট্টগ্রাম পওর বিভাগ-১/২, বাপাউবো, চট্টগ্রাম।

ডায়েরী নং ৫০৫৫
তারিখঃ ৮/৫/১৯
প্রোগ্রামার
জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
সফটওয়্যার প্রকৌশলী
নথিতে পেশ করুন
অফিস সহকারী
নথিতে রাখুন
সিস্টেম এনালিস্ট ১/২

07/05/19
উপ-বিভাগীয় প্রকৌশলী
হাটহাজারী পওর উপ-বিভাগ